



DESCO
POWER IS YOURS

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)

এক নজরে ডেসকো

ভূমিকা :

বাংলাদেশের অত্যন্ত গুরুত্বপূর্ণ বিদ্যুৎ সেक्टरের অব্যাহত সংস্কার/পুনর্গঠন কার্যক্রমের আওতার বিদ্যুৎ বিতরণ পদ্ধতি পরিচালন ও আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন ও গুণগত মান পরিবর্তনের লক্ষ্যে কোম্পানী আইন ১৯৯৪ এর আওতায় সরকারী মালিকানাধীন দেশের প্রথম বিদ্যুৎ বিতরণ কোম্পানী হিসাবে ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ (ডেসকো) নভেম্বর ০৩, ১৯৯৬ সালে গঠিত হয়।

১৯৯৮ সালের সেপ্টেম্বর মাসে ৫০০ কোটি টাকার অনুমোদিত মূলধন নিয়ে ডেসার নিকট থেকে মিরপুর অঞ্চলের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা অধিগ্রহণের মাধ্যমে প্রাথমিকভাবে এর বানিজ্যিক কার্যক্রম শুরু হয়। অধিগ্রহণকৃত মালামালের মূল্য বাবদ ইতিমধ্যে ডেসার অনুকূলে ১৩৩.৪৭ কোটি টাকা মূল্যমানের শেয়ার ইস্যু করা হয়েছে।

মিরপুর এলাকা অধিগ্রহণকালে মিরপুর এলাকার সিস্টেম লস ছিল ৪৬.৬৭%, সিআই রেশিও ছিল ৪৭.০০% এবং গ্রাহক সংখ্যা ছিল ৭১,১৬১ জন। ডেসকোর বিজ্ঞ পরিচালক মন্ডলী এর নীতি নির্ধারনী ও দিক নির্দেশনায় ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে কর্মকর্তা/কর্মচারীগণের ঐকান্তিক প্রচেষ্টা, নিরলস পরিশ্রম, আন্তরিক সেবা প্রদান এবং সর্বোপরি সম্মানিত গ্রাহকদের সহযোগিতায় মিরপুর এলাকায় ডেসকো ব্যাপক সফলতা অর্জন করে। এরই ধারাবাহিকতায় সরকার ০৯.০৪.২০০৩ ইং তারিখ ডেসার প্রাক্তন গুলশান সার্কেল ডেসকোর নিকট হস্তান্তর করে। একই ধারাবাহিকতায় টঙ্গী এলাকা ০৪.০৩.০৭ ইং তারিখে ডেসকোর নিকট হস্তান্তর কর হয়, এর ফলে ডেসকোর ভৌগলিক এলাকা ৫০ বর্গকিলোমিটার হতে ২২০ বর্গকিলোমিটারে উন্নীত হয়। পর্যায়ক্রমিক উন্নয়নের মাধ্যমে ২০০৮-২০০৯ ইং অর্থ বৎসরে ডেসকোর সিস্টেম লস ৯.৭৯, বিল আদায়ের হার ৯৮.১৭, সিআই রেশিও ৮৮.৫৬ এবং গ্রাহক সংখ্যা ৪,১৫,৮৪২ জনে উন্নীত হয়।

ভৌগোলিক এলাকা :

ঢাকার মিরপুর, পল্লবী, কাফরুল, কল্যাণপুর, ক্যান্টনমেন্ট, গুলশান, বনানী, উত্তরা, উত্তরখান, দক্ষিণখান, বারিধারা, বাড্ডা, টঙ্গী সহ ঢাকা শহরের ২২০ বর্গকিলোমিটার এলাকা ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ (ডেসকো) এর আওতাভুক্ত। বাস্তবায়নাধিন পূর্বাচল এলাকায় বিদ্যুৎ বিতরণের দায়িত্বও ডেসকোকে দেয়া হয়েছে।

বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হোন লোডশেডিং হ্রাসে সহায়তা করুন।

পরিচালনা পর্ষদ :

সরকারী সিদ্ধান্ত অনুযায়ী ডেসা, ডেসকো এবং প্রফেশনাল ইনস্টিটিউশন এর ৯ (নয়) সদস্য বিশিষ্ট বোর্ড অব ডিরেক্টরস দ্বারা ডেসকো পরিচালিত হয়ে থাকে। যায় মধ্যে ডেসার চেয়ারম্যান, ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক, এমসিসিআই এর একজন প্রতিনিধি, বুয়েটের একজন প্রতিনিধি, আইসিএবি এর একজন প্রতিনিধি, বিপিডিবি এর সদস্য অর্থ, বিদ্যুৎ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) এবং আইইবি এর এক জন প্রতিনিধি রয়েছেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অবসর প্রাপ্ত একজন সচিব চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন।

ব্যবস্থাপনা এবং কর্মকর্তা/কর্মচারী :

ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে পরিচালক (কারিগরী) ও পরিচালক (অর্থ) এর সুমম পরিচালনায় মাত্র ১৭৭ জন কর্মকর্তা এং ৮২৭ জন বিভিন্ন শ্রেণীর কর্মচারী দ্বারা ডেসকো তার আওতাধীন এলাকার ৪,১৫,৮৪২ জন গ্রাহককে বিদ্যুৎ সেবা প্রদান করে আসছে। উল্লেখ্য যে, ডেসকোর গ্রাহক কর্মচারী অনুপাত ৪১৪:১

ডেসকোর লক্ষ্য ও উদ্দেশ্য :

উদ্দেশ্য

- ★ উন্নততর গ্রাহক সেবা ও সুষ্ঠু কাজের পরিবেশ।
- ★ নিরবিচ্ছিন্ন, নির্ভরযোগ্য ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।
- ★ সিস্টেম লস হ্রাস।
- ★ রাজস্ব তথা বিদ্যুৎ বিল আদায় বৃদ্ধির মাধ্যমে লাভজনক প্রতিষ্ঠান হিসেবে পরিচালনা।
- ★ সকল ক্ষেত্রে স্বয়ংসম্পূর্ণতা অর্জন।

লক্ষ্য

- ★ প্রচলিত বিদ্যুৎ ব্যবস্থা ও সেবার উন্নয়ন, পরিবর্ধন এবং আধুনিকায়ন।
- ★ বিদ্যুৎ সেবা কার্যক্রমে পেশাদারিত্ব ও দক্ষতা অর্জন।
- ★ বিনিয়োগের বিপরীতে পর্যাপ্ত আয় নিশ্চিতকরন।
- ★ বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় তুলনামূলক উন্নয়ন।
- ★ যথাযথ কারিগরী, বাণিজ্যিক, আর্থিক, প্রশাসনিক ও প্রশিক্ষণ কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়ন।

ডেসকোর কার্যক্রম ও কার্যপদ্ধতি :

ডেসকোর কার্যক্রমের মধ্যে সম্মানিত গ্রাহকদের বিদ্যুৎ সরবরাহ, সিস্টেম পরিচালনা ও রক্ষনাবেক্ষণ, সিস্টেম উন্নয়ন ও পরিবর্ধন, বিলিং ও এ্যাকাউন্টিং, গ্রাহক সেবা ও ব্যবস্থাপনা অন্যতম। তবে উন্নত ও দ্রুততর গ্রাহক সেবা প্রদানের লক্ষে সিস্টেম পরিচালনা ও রক্ষনাবেক্ষণ, মিটার রিডিং ও বিল সার্ভিং, লাইন নির্মাণ ও রক্ষনাবেক্ষণ ইত্যাদি অধিকাংশ কাজ সুষ্ঠু প্রতিযোগিতামূলক দরপত্রের মাধ্যমে ঠিকাদার নিয়োজিত করণ পূর্বক Outsourcing করা হয়েছে। এক্ষেত্রে ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহের কাজ ডেসকো কর্তৃপক্ষ নিবিড়ভাবে নিয়ন্ত্রণ করে থাকে।

ডেসকো পল্লবী, কাফরুল, কল্যাণপুর, গুলশান, উত্তরা, বারিধারা, দক্ষিণখান, টঙ্গী (পূর্ব) ও টঙ্গী (পশ্চিম) এই ৯ (নয়) টি বিক্রয় ও বিতরণ বিভাগের মাধ্যমে আওতাধীন এলাকার গ্রাহকদের বাণিজ্যিক পরিচালন ও পদ্ধতি পরিচালন কার্যক্রম পরিচালনা করে থাকে।

উল্লেখিত ৯ (নয়) টি বিক্রয় ও বিতরণ বিভাগের আওতাধীন অভিযোগ কেন্দ্র/নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর নিম্নে উল্লেখ করা হলো :

বিক্রয় ও বিতরণ বিভাগ	অফিস চলাকালীন সেবা	বিদ্যুৎ বিভ্রাট সংক্রান্ত (২৪ ঘণ্টা সেবা)
কল্যাণপুর	৯০১৪৪১৪, ৯০০৭৭০৯ ৯০১৪৮৪৬ Ext. ১১১	৮০২৩১৫৮, ০১৭১৪৯১৮৫৫৪
পল্লবী	৯০০২০২৬ Ext. ১২১	৮০২৩১৫৮, ০১৭১৪৯১৮৫৫৪
কাফরুল	৮০২১৩৪৪ Ext. ১০৭	৮০২৩১৫৮, ০১৭১৪৯১৮৫৫৪
গুলশান	৮৮২৫৭৯৫ Ext. ১১২	৯৪৯৯২২৮, ০১১৯৯০৫৭৪২৯
বারিধারা	৯৮৯৫১১৭ Ext. ২০২, ২০৫	৯৮৮৮৯৬৫, ০১১৯৯০৬৫০৯৬
উত্তরা	৮৯১১২৬০, ৮৯৫৯১৪৫ Ext. ১১৭, ১১৯	৮৯১৪২৬৫, ০১৭১৩৪৪৩০৩০
দক্ষিণখান	৮৯১১২৮৯ Ext. ১১০	৮৯১৪২৬৫, ০১৭১৩৪৪৩০৩০
টঙ্গী (পূর্ব)	৯৮০০১৬৩	৯৮১৬৪৪৬
টঙ্গী (পশ্চিম)	৯৮০২৭১০	৯৮০০১২৭, ০১৭১৩৩৩৩২০৪
কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ	৮৮১৪২১০, ০১৭৪১৩৩১৭৯৫	

আপনার বিভিন্ন অভিযোগসমূহের সমাধান :

বিদ্যুৎ সরবরাহ বা বিদ্যুৎ বিভ্রাট সংক্রান্ত যাবতীয় সমস্যা সমাধানের লক্ষ্যে আপনার এলাকার জন্য নির্ধারিত অভিযোগ কেন্দ্র রয়েছে যেখানে সার্বক্ষণিকভাবে কমপ্রেইন এ্যাটেনডেন্টগন দায়িত্বে নিয়োজিত আছেন।

এনার্জি এ্যাক্সিসিয়েন্ট লাইট এবং যন্ত্রপাতি ব্যবহার করে বিদ্যুতের
লোডশেডিং হ্রাসে সহায়তা করুন।

আপনার সমস্যাটি সংশ্লিষ্ট “অভিযোগ কেন্দ্রে” জানালে তা দ্রুত সমাধানের ব্যবস্থা নেয়া হবে। অভিযোগটি জানানোর সময় আপনার নাম, ঠিকানা, সমস্যা স্থলের ঠিকানা ও লোকেশন, ফোন নম্বর ইত্যাদি স্পষ্টভাবে জানালে তা অভিযোগ দ্রুত সমাধানের সহায়ক হবে।

নতুন সংযোগ, বিল ও মিটার সংক্রান্ত

বিদ্যুৎ বিল, মিটার এবং নতুন সংযোগ/লোড সম্প্রসারণ সংক্রান্ত যে কোন সমস্যা সমাধানের জন্য সংশ্লিষ্ট বিভাগের “এক অবস্থানে গ্রাহক সেবা” কেন্দ্রে যোগাযোগ করুন। বিদ্যুৎ বিল ও মিটার সংক্রান্ত কোন সমস্যা সমাধানের জন্য গ্রাহকের নাম, ঠিকানা, ফোন নম্বর, মিটার নম্বর, হিসাব নম্বর ইত্যাদি তথ্য প্রয়োজন হবে। সবচেয়ে ভালো হয় আপনি যদি বিলের কপি সাথে করে নিয়ে আসেন। আপনি আপনার অভিযোগটি প্রদানের পর অভিযোগ নম্বরটি নিতে ভুলবেন না যেন। এতে পরবর্তীতে অভিযোগ সমাধানের অবস্থা সম্পর্কে আপনি সহজে জানতে পারবেন।

একজন বিদ্যুৎ গ্রাহক হিসাবে আপনার দায়িত্ব :

- ★ নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করা।
- ★ বরাদ্দকৃত লোডের অতিরিক্ত বিদ্যুৎ ব্যবহার না করা।
- ★ বিকেল ৫টা থেকে রাত ১১টা পর্যন্ত (পিক আওয়ার) বিদ্যুৎ ব্যবহারে সশ্রয়ী হওয়া।
- ★ বিদ্যুৎ ব্যবহারে নিরপত্তা বিধান মেনে চলা।
- ★ বিদ্যুতের অবকাঠামো নির্মাণ কাজে বাধা অপসারণ
- ★ নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধে অন্যদের উদ্বুদ্ধকরণ।
- ★ বিদ্যুৎ চুরি রোধে সর্বাত্মক সহযোগিতা প্রদান ও সামাজিক প্রতিরোধ গড়ে তোলা।
- ★ সহজে প্রবশেযোগ্য এবং ঘরের বাইরে মিটার স্থাপনের সুবিধা সৃষ্টি।
- ★ সার্বিকভাবে ডেসকো’র কর্মকাণ্ডে সহযোগিতা প্রদান।

নিরাপদ বিদ্যুৎ ব্যবহারে আপনার করণীয় :

- ★ গ্রাহক প্রান্তে বা গ্রাহক আঙ্গিনায় সঠিক মাপ ও মানের গ্রাউন্ডিং করুন।
- ★ সঠিক সাইজের তার দ্বারা ওয়্যারিং সম্পন্ন করা।
- ★ সঠিক সাইজের ও মানসম্পন্ন বিদ্যুতের নিরাপত্তামূলক যন্ত্র যথা মেইন সুইচ, সার্কিট ব্রেকার ইত্যাদি স্থাপন।
- ★ আদর্শ মাপের মিটার বোর্ড স্থাপন।
- ★ মান সম্পন্ন অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি ব্যবহার।
- ★ বিদ্যুৎ সরবরাহে কোন সমস্যা দেখা দিলে তা সংশ্লিষ্ট অভিযোগ কেন্দ্রে জানানো।
- ★ আভ্যন্তরীণ ওয়্যারিং এ কোন সমস্যা দেখা দিলে তা অভিজ্ঞ লোক দ্বারা দেখানো ইত্যাদ।

১ ইউনিট বিদ্যুৎ উৎপাদনের চেয়ে ১ ইউনিট বিদ্যুৎ সাশ্রয় করা সহজ।

প্রি-পেইড মিটার :

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) সন্মানিত গ্রাহক বৃন্দের সেবার মান বৃদ্ধি, নিরবিচ্ছিন্ন ও নির্বাঞ্জাট বিদ্যুৎ সরবরাহের অঙ্গিকার নিয়ে ইতিমধ্যে অত্যাধুনিক গ্রাহকবান্ধব প্রি-পেইড বৈদ্যুতিক মিটার ব্যবস্থা চালু করেছে। গ্রাহকের হাতের নাগালে ডেসকোর যে কোন ভেডিং স্টেশন হতে গ্রাহক তার প্রিপেইড মিটারের স্মার্ট কার্ড রিজার্জ করে তার চাহিদা অনুযায়ী ইউনিট ক্রয় পূর্বক তা মিটারে প্রবেশ করিয়ে বিদ্যুৎ ব্যবহার করতে পারেন। ক্রয়কৃত ইউনিট ফুরিয়ে যাবার বিভিন্ন পর্যায়ে মিটার গ্রাহককে সংকেত দেবে। ছুটির দিনে ক্রয়কৃত ইউনিট ফুরিয়ে গেলে পরবর্তী কার্যদিবস পর্যন্ত মিটার সচল থাকবে। ইতিমধ্যে উত্তরা এলাকায় ১০,০০০ এর অধিক গ্রাহককে প্রি-পেইড মিটার এর আওতায় আনা হয়েছে। পর্যায়ক্রমে ডেসকোর সকল গ্রাহককে প্রি-পেইড মিটার এর আওতায় আনা হবে। ডেসকোর অর্থায়েনে এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ব বিদ্যালয়ের কারিগরী সহায়তায় এই প্রকল্প বাস্তায়ন হচ্ছে। প্রি-পেইড মিটার গ্রাহককে বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে উদ্বুদ্ধ করে।

উপসংহার :

সুনির্দিষ্ট কোন কারণ ছাড়া সাধারণত বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখা হয় না। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং গ্রাহক সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে ডেসকো নিরলসভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে। ইতিমধ্যে এক অবস্থানে সেবা কার্যক্রম চালু, সিস্টেম বিকেন্দ্রীকরণ সহ কম্পিউটারাইজড বিলিং পদ্ধতি ও ইলেকট্রনিক ব্যাংকিং সিস্টেম চালু করা হয়েছে। মোবাইলফোনের বিল-পে সেন্টারের মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধের সুযোগ সৃষ্টি করা হয়েছে। গ্রাহকগন লোডশেডিং সহ ডেসকোর যে কোন তথ্য এখন ডেসকো নিজস্ব ওয়েবসাইট www.desco.org.bd হতে সরাসরি পেতে পারেন।

গ্রাহক সেবার মান উন্নত বিশ্বের সমপর্যায়ে উন্নীত করার জন্য ডেসকো আপনার সুপরামর্শ ও সার্বিক সহযোগিতা কামনা করে।

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)

বাড়ী নং-৩, রোড নং-২৪, ব্লক-কে,

বনানী মডেল টাউন, বনানী, ঢাকা-১২১৩

টেলিফোন নম্বর : ৮৮৫৪৬৪৮, ৮৮৫৯৬৪২, ৮৮৬০৩৪১

ফ্যাক্স নম্বর : ৮৮৫৪৬৪৮, ৮৮৫৯৬৪২